বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
গাজীপুর-১৭০৫।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
ফোন-৯২৯১১১৩

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাউবি/এসএসএস/এসএসসি/ জেনা/০১/২২/২০১৫/১৪৬১ তারিখ: ৫ ০৬-২০১৭

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
আঞ্চলিক কেন্দ্র: ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/ফরিদপুর/খুলনা/যশোর/রাজশাহী/বগুড়া/রংপুর।

বিষয় : **এসএসসি প্রোগ্রামের ক্যারিয়ার শিক্ষা কোর্সটি ১ম বর্ষের পরিবর্তে ২য় বর্ষে এবং ২য় বর্ষের আইসিটি কোর্সটি ১ম বর্ষে অফার প্রসঙ্গে।**
সূত্র: বাউবি/ওএস-২১৭/১০/সাধা/বিবিধ/পার্ট-৬/৩৬৬ তারিখ: ০৭ জুন,২০১৭

জনাব
ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের নিম্নোক্ত বিষয়সমূহ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে ঃ-

১। ১ম বর্ষের ক্যারিয়ার শিক্ষা কোর্সটি ১ম বর্ষের পরিবর্তে ২য় বর্ষে এবং ২য় বর্ষের আইসিটি কোর্সটি ২য় বর্ষের পরিবর্তে ১ম বর্ষে রেজিস্ট্রেশন হবে। সে অনুযায়ী টিউটোরিয়াল ক্লাস পরিচালিত হবে।
২। এসএসসি পরীক্ষা ২০১৮ (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮) এর ১ম ও ২০১৫ ব্যাচের ২য় বর্ষের পরীক্ষার্থীবৃন্দ ১ম বর্ষের পরীক্ষার সাথে আইসিটি বিষয়ে পরীক্ষা দিবে এবং পরীক্ষাসমূহ একই প্রশ্নপত্রে একই সময়ে (বিকালে) অনুষ্ঠিত হবে।
৩। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ক্যারিয়ার শিক্ষা বিষয়ে ইতোমধ্যে যে সকল টিউটর নিয়োগ দেওয়া হয়েছে তা জরুরিভিত্তিতে স্থগিত করা হলো।
৪। ১ম বর্ষে আইসিটি বিষয়ে নতুন টিউটর নিয়োগ প্রস্তাব প্রেরণ করতে হবে।
৫। ২০১৯ সালে অনুষ্ঠিত পরীক্ষাসমূহ নতুন সিলেবাসে একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।
৬। ২০১৮ সালে যারা পরীক্ষা দিবে তাদেরকে জরুরিভিত্তিতে অবহিত করতে হবে যে, এবারেই তাদের এই সিলেবাসে পরীক্ষা শেষ। পরবর্তীতে কোনো শিক্ষার্থী অকৃতকার্য হলে তাদেরকে নতুন সিলেবাসে পরীক্ষা দিতে হবে। বিষয়টি টিউটোরিয়াল ক্লাস/ পরীক্ষার সময় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করতে হবে।

উল্লেখ্য যে, ১ম বর্ষে ক্যারিয়ার শিক্ষা বিষয়টি না থাকায় ক্যারিয়ার শিক্ষার টিউটোরিয়াল ক্লাস স্থগিত থাকবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

(মো: আতিকুর রহমান)
পরিচালক (ভারপ্রাপ্ত)
এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। রেজিস্ট্রার, বাউবি
২। ডীন, ওপেন স্কুল, বাউবি।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, /পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ/ পিপিডি বিভাগ, বাউবি।/পরিচালক, ...
৪।একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্য দপ্তর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
৬। সংরক্ষণ নথি।

D:\Letter (janaral).doc